# ইরিপাম ক্যাপসুল

পাম্পকিন (কোকোরবিটা পেপো) ৫০০ মিগ্রা

**উপাদান ঃ**

প্রতিটি ক্যাপসুলে রয়েছে পাম্পকিন সিড ৫০০ মিগ্রা স্টান্ডার্ডাইজড নির্যাস।

**বিবরণঃ**

উত্তর আমেরিকা ও মেক্সিকোতে প্রায় ১৬ হাজার বছরের অধিক সময় ধরে খাদ্য হিসেবে পাম্পকিন ব্যবহৃত হয়ে আসছে। পাম্পকিন বীজ ভিটামিন ও খনিজ উপাদানে বেশ সমৃদ্ধ। তাছাড়া এতে রয়েছে প্রোটিন, লৌহ, আলফা ও বিটা টোকোফেরল, কার্বোহাইড্রেট, পেক্টিন, লুটিন, বিটা ক্যারাটিন। জার্মান কমিশন ই প্রমাণ করেছে যে, মূত্রথলি ও প্রোস্টেট গ্লান্ডের রোগে পাম্পকিন বীজ খুবই কার্যকরী।

**ফার্মাকোলজীঃ**

ব্রিটিশ হারবাল ফার্মাকোপিয়ায় উল্লেখ রয়েছে যে পাম্পকিন বীজ প্রোস্টেট গ্লান্ডের স্বাভাবিক কাজ নিশ্চিত করে। মার্ক ইনডেক্স এর মতে এটি ক্রিমি নির্মূলে কাজ করে। পাম্পকিন বীজে রয়েছে টোকোফেরল, সেলেনিয়াম, লিপিড, ভিটামিন, হরমোন ও এনজাইম যা দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। পাম্পকিন বীজে যে প্রাটিন রয়েছে তা ট্রিপসিন ইনহিবিটর হিসাবে কাজ করে। সম্প্রতি একটি স্টাডিতে দেখা যায় পাম্পকিন বীজ ৫, আলফা রিডাকটেজ এনজাইমকে ইনহিবিট করে এবং এন্টি-ইনফ্লামেটরি এক্টিভিটি প্রদর্শন করে। জার্মান কমিশন ই এর মতে পাম্পকিন বীজ মূত্রথলি ও প্রোস্টেট গ্লান্ডের রোগে খুবই কার্যকরী।

**ব্যবহার ও র্নিদেশনাঃ**

প্রোস্টেট গ্লান্ডের অস্বাভাবিক বৃদ্ধি, মূত্র থলির প্রদাহ, ইউরোলিথিয়াসিস ও কিডনি দূর্বলতা।

**মাত্রা ও ব্যবহারবিধিঃ**

একটি করে ক্যাপসুল দৈনিক এক থেকে দুইবার আহারের পর অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**

কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না।

**বিপরীত নির্দেশনাঃ**

বিপরীত নির্দেশনা জনিত কোন তথ্য নেই। তদুপরি ওষুধটির প্রতি সংবেদনশীল ব্যক্তিদের ক্ষেত্রে প্রতি-নির্দেশিত।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার ঃ**

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তা ও কার্যকারিতা জনিত বিষয়ে তথ্য অপ্রতুল।

**সংরক্ষণ ঃ**

সূর্যালোক থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

**সরবরাহ ঃ**

প্রতিটি বাক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

**প্রস্তুতকারক ঃ**

IBN SINA

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(হারবাল বিভাগ)
সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।